সংবাদ

তারিখ AUG. 25 2006
পৃষ্ঠা ৫ কলাম ২

### টেকনিক্যাল স্কুল ও কলেজ শিক্ষক-কর্মচারী ফোরাম

# চাকরি জাতীয়করণের দাবিতে কর্মবিরতি : বিক্ষোভ সমাবেশ

সংবাদ ডেস্ক

চাকরি জাতীয়করণের দাবিতে দেশের বিভিন্ন টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারীরা গত বুধবার থেকে ২ ঘণ্টা করে কর্মবিরতি শুরু করেছেন। সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত এ কর্মবিরতি পালন করা হচ্ছে। কর্মবিরতি শেষে শিক্ষক-কর্মচারীরা সমাবেশের আয়োজন করছেন। কর্মবিরতির ফলে শিক্ষার্থীদের নিয়মিত ক্লাস না হওয়ায় তারা বিক্ষোভ করেছেন। শিক্ষার্থীরা শিক্ষকদের দাবি মেনে নিয়ে টেকনিক্যাল স্কুল ও কলেজে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। সংবাদ প্রতিনিধিদের পাঠানো খবর :

**নড়াইল** : নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজ শিক্ষক-কর্মচারী ফোরাম চাকরি জাতীয়করণের দাবিতে গতকালও ২ ঘণ্টার কর্মবিরতি পালন করেছেন। এসময় ক্লাস বন্ধ থাকায় কলেজের প্রায় ৫শ' ছাত্রছাত্রী বিক্ষোভ করেছে। ছাত্রছাত্রীরা শিক্ষকদের দাবি মেনে নিতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

কর্মবিরতি শেষে এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা বলেন, ১৯৯৬ সালের জুলাই মাসে সরকার ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটগুলোতে এসএসসি ও এইচএসসি (ভোকেশনাল) কোর্স চালু করে এবং এ প্রকল্পের আওতায় ২ হাজার শিক্ষক-কর্মচারী নিয়োগ করে। এ সময় ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটের নাম পরিবর্তন করে টেকনিক্যাল স্কুল ও কলেজে রূপান্তর করা হয়। সেই থেকে দেশের ৬৪টি জেলায় এসব শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হয়ে আসছে। এসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে হাজার হাজার শিক্ষার্থী হাতে কলমে বিভিন্ন ট্রেডে শিক্ষা গ্রহণ করে বিভিন্ন পেশায় নিয়োজিত রয়েছে। দেশে প্রকট বেকার সমস্যা থাকলেও টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থীরা পাস করে বের হলে বেকার থাকছে না। তারা তাদের শিক্ষাকে কাজে লাগিয়ে জীবিকা নির্বাহ করতে সক্ষম হলেও সরকার এসব টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারীদের চাকরি রাজস্বখাতে না নেয়ায় প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় তারা চরম হতাশার মধ্যে দিন কাটাচ্ছেন। কর্মবিরতির ফলে কলেজের ছাত্রছাত্রীরা ক্লাস না হওয়ায় গতকাল সকালে কলেজ গেটে বিক্ষোভ প্রদর্শন করে। ছাত্রছাত্রীরা শিক্ষকদের দাবি মেনে নেয়ার পাশাপাশি সুষ্ঠুভাবে ক্লাস নেয়ার জন্য দাবি জানায়।

**গাইবান্ধা** : রাজস্ব খাত থেকে শিক্ষক-কর্মচারীদের বেতন দেয়ার দাবিতে গতকাল বৃহস্পতিবার সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত দু'ঘণ্টাব্যাপী গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মবিরতি পালিত হয়। কলেজের ২২ জন শিক্ষক-কর্মচারী এতে অংশ নেন। পরে ক্যাম্পাসে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। অধ্যক্ষ জুবায়দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন জাহিদুল হক, হারুন অর রশিদ চৌধুরী, মোস্তাফিজুর রহমান, মসুদুল হক কাজল, রফিকুল ইসলাম, ইউনুছ আলী প্রমুখ। সমাবেশে বক্তারা বলেন, অবিলম্বে দাবি মানা না হলে আগামী ৩ সেপ্টেম্বর ঢাকায় অনুষ্ঠেয় মহাসমাবেশ থেকে বৃহত্তর আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হবে। টেকনিক্যাল স্কুল ও কলেজ শিক্ষক-কর্মচারী ফোরাম গাইবান্ধা জেলা শাখা কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে এই কর্মবিরতি পালন করা হয়।

**পঞ্চগড়** : চাকরি জাতীয়করণের দাবিতে পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ শিক্ষক-কর্মচারীরা গতকাল কর্মবিরতি পালন করেন। কর্মবিরতি শেষে তারা তাদের দাবি মেনে নিতে সরকারের প্রতি আহ্বান জানান। অন্যথায় কঠোর কর্মসূচির হুমকি দেন শিক্ষক-কর্মচারীরা।